দৈনিক জনকণ্ঠ

তারিখ 31 MAR 1994
পৃষ্ঠা ৬ কলাম ৭

23

# টেক্সটাইল ইনস্টিটিউটে ৩ বছর মেয়াদী ডিপ্লোমা কোর্স চালু

দেশের ৬টি টেক্সটাইল ইনস্টিটিউটের বর্তমান ২ বছর সময়ের টেক্সটাইল সার্টিফিকেট কোর্স পরিবর্তন করে ৩ বছর মেয়াদী টেক্সটাইল ডিপ্লোমা কোর্স চালু করা হয়েছে। বস্ত্র খাতের সার্বিক উন্নয়নের লক্ষে বস্ত্রশিল্প প্রতিষ্ঠানে দক্ষ জনশক্তি গড়ে তোলার জন্য বস্ত্র দফতর নিয়ন্ত্রণাধীন ইনস্টিটিউটগুলোতে এ কোর্স চালু করা হয়। গত ২৭ মার্চ থেকে এসব ইনস্টিটিউটে ছাত্র ভর্তির কাজ শুরু হয়েছে। মঙ্গলবার জাতীয় সংসদ ভবনে বস্ত্র প্রতিমন্ত্রী মেজর (অব) আবদুল মান্নান-এর সভাপতিত্বে অনুষ্ঠিত বস্ত্র মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির ২১তম বৈঠকে একথা জানানো হয়। বৈঠকে বস্ত্র দফতরের সার্বিক উন্নয়ন কার্যক্রম পর্যালোচনা করা হয়। এছাড়া বৈঠকে টেক্সটাইল ইনস্টিটিউটে শান্তি-শৃঙ্খলা পরিস্থিতি, যোগ্য ও উপযুক্ত শিক্ষক নিয়োগ, ছাত্র ভর্তিসহ ডিপ্লোমা কোর্সের শিক্ষার মান উন্নয়নের ওপর বিশেষ গুরুত্বারোপ করা হয়।

বৈঠকে কমিটির সদস্য বিএনপি'র সংসদ সদস্য সহিদুল্লাহ খান, সিরাজুল ইসলাম, রাবেয়া চৌধুরী এবং বাংলাদেশ জামায়াতে ইসলামীর সংসদ সদস্য এ এম রিয়াছাত আলী উপস্থিত ছিলেন। এছাড়া বস্ত্র সচিব ডঃ মোহাম্মদ আবদুর রশিদ ও বস্ত্র দফতরের পরিচালক মেজর (অব) আকতারুজ্জামান বৈঠকে উপস্থিত ছিলেন। খবর তথ্য বিবরণী'র।